



আগের স্বৈরাচারের পথেই হাঁটছে বিএনপি সরকার: জামায়াত আমির



বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

বিরোধীদলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, নানা প্রলোভন দেখানো হলেও তাঁরা তা প্রত্যাখ্যান করেছেন। জুলাই সনদ ও গণভোটের রায় আদায় না হওয়া পর্যন্ত বিরোধী দল অটল থাকবে বলেও জানান তিনি।

রোববার (১৮ অক্টোবর) ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে আমার বাংলাদেশ পার্টি (এবি পার্টি) আয়োজিত জুলাই সনদের এক বছর উপলক্ষে মুক্ত আলোচনায় তিনি এসব কথা বলেন। শফিকুর রহমান অভিযোগ করেন, আগের স্বৈরাচারী সরকারের পথেই হাঁটছে বর্তমান বিএনপি সরকার। তাঁর দাবি, জনগণের দেওয়া ৮৯টি আসনের প্রতিনিধিরা দেশের ১৮ কোটি মানুষের অধিকার রক্ষায় কাজ করবেন।

তিনি বলেন, বিএনপি অবস্থান পরিবর্তন করলেও জামায়াত তাদের প্রতিশ্রুতি থেকে সরে আসবে না। জনগণের অধিকার প্রতিষ্ঠা, ফ্যাসিবাদের পথ বন্ধ, বৈষম্যহীন সমাজ গঠন এবং ভবিষ্যৎ প্রজন্মের জন্য বাসযোগ্য বাংলাদেশ গড়তে তাঁদের আন্দোলন চলবে।

আন্দোলনে কোনো ষড়যন্ত্রকে ভয় পাবেন না উল্লেখ করে জামায়াত আমির বলেন, তাঁরা জুলাও-পোড়াওয়ার পথে যাবেন না। ২০২৪ সালের আন্দোলনের উদাহরণ টেনে তিনি বলেন, দেশপ্রেম ও দৃঢ় মনোবল নিয়ে রাজপথে দাঁড়িয়েই ফ্যাসিবাদের পতন ঘটানো সম্ভব।